# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৬

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - কবরের ‘আযাব

باب إثبات عذاب القبر ـ الفصل الثالث

### আরবী

وَعَن ابْنِ عُمَرَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «هَذَا الَّذِي تَحَرَّكَ لَهُ الْعَرْشُ وَفُتِحَتْ لَهُ أَبْوَابُ السَّمَاءِ وَشَهِدَهُ سَبْعُونَ أَلْفًا مِنَ الْمَلَائِكَةِ لَقَدْ ضُمَّ ضَمَّةً ثُمَّ فُرِّجَ عَنْهُ» رَوَاهُ النَّسَائِيّ .

### বাংলা

১৩৬-[১২] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এই [সা’দ ইবনু মু’আয (রাঃ)] সে ব্যক্তি যার মৃত্যুতে ’আর্‌শ (আরশ)-ও কেঁপেছিল (তার পবিত্র রূহ্ ’আর্‌শে পৌঁছলে ’আর্‌শের নিকটতম মালায়িকাহ্ খুশীতে আত্মহারা হয়ে গিয়েছিল) এবং আসমানের দরজা খুলে দিয়েছিল। তার জানাযায় সত্তর হাজার মালাক উপস্থিত হয়েছিলেন। অথচ তার কবর সংকীর্ণ হয়েছিল। (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দু’আর বারাকাতে) পরে তা প্রশস্ত হয়ে গিয়েছিল। (নাসায়ী)[1]

### ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ২০৫৫, সহীহুল জামি‘ ৬৯৮৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (هٰذَا الَّذِيْ) সা‘দ বিন মু‘আয-এর প্রতি ইঙ্গিত করা হয়েছে। এটা তা‘যীমের জন্য ব্যবহৃত হয়েছে।

(تَحَرَّكَ لَهُ الْعَرْشُ) অন্য বর্ণনায় إِهْتَزَّ উল্লেখ আছে। অর্থাৎ- লাফিয়ে উঠেছে এবং তার সম্মানের সুসংবাদ তার রবের নিকটে দিয়েছে। কেননা ‘আর্‌শ (আরশ)  যদিও সেটা জড় পদার্থ কিন্তু আল্লাহ চাইলে যা ইচ্ছা তাই করতে পারেন। এ হাদীসে সা‘দ বিন মু‘আয  (রাঃ)-এর ফাযীলাত বর্ণনা আছে এবং এটাও বর্ণনা করছে যে, কবরের চাপ থেকে কোন মানুষই মুক্তি পাবে না। যেমন- সা‘দ (রাঃ) পাননি, তবে আম্বিয়ায়ে কিরামের কথা ভিন্ন।

ইমাম হাকিম আত্ তিরমিযী (রহঃ) বলেন, এ চাপের কারণ হলো প্রতিটি মানুষই কিছু না কিছু পাপের সাথে জড়িত হয়, এই পাপ মোচনের জন্য এই চাপ দেয়া হয়, তারপর আবার তাকে রহমাত করা হয়। সা'দ বিন মু'আয-এর চাপ সম্বন্ধে বলা হয়ে থাকে যে, প্রস্রাবের পরে পবিত্রতার প্রতি অসতর্ক থাকার দরুন তার এই চাপ হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54695

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন